গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
বিআরটিএ ভবন
নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২।
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.৩১.০২৬.১৯-২৬৫৫ তারিখঃ ৩০-০৯-২০২০খ্রিঃ।

**বিষয়ঃ সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী তৃতীয় পক্ষের ঝুঁকি বীমা না থাকা প্রসঙ্গে।**

সূত্রঃ ১) সড়ক পরিবহন মালিক সমিতির ২৪-০৯-২০২০খ্রিঃ তারিখের আবেদন।
২) জনাব মোঃ স্বাধীন খান এর ২২-০৯-২০২০খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোটরযান অধ্যাদেশ ১৯৮৩-এর ধারা ১০৯ অনুযায়ী তৃতীয় পক্ষের ঝুঁকি বীমা বাধ্যতামূলক ছিল এবং এর অধীনে ১৫৫ ধারায় দন্ডের বিধান ছিল। তবে সড়ক পরিবহন আইন ২০১৮-এর ধারা ৬০-এর উপ-ধারা (১), (২) ও (৩) নিম্নরূপঃ

(১) কোন মোটরযানের মালিক বা প্রতিষ্ঠান ইচ্ছা করিলে তাহার মালিকানাধীন যে কোনো মোটরযানের জন্য যে সংখ্যক যাত্রী পরিবহনের জন্য নির্দিষ্টকৃত তাহাদের জীবন ও সম্পদের বীমা করিতে পারিবে।

(২) মোটরযানের মালিক বা প্রতিষ্ঠান উহার অধীন পরিচালিত মোটরযানের জন্য যথানিয়মে বীমা করিবেন এবং মোটরযানের ক্ষতি বা নষ্ট হওয়ার বিষয়টি বীমার অওতাভুক্ত থাকিবে এবং বীমাকারী কর্তৃক উপযুক্ত ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

(৩) মোটরযান দুর্ঘটনায় পতিত হইলে বা ক্ষতিগ্রস্থ হইলে বা নষ্ট হইলে উক্ত মোটরযানের জন্য ধারা ৫৩ এর অধীন গঠিত আর্থিক সহায়তা তহবিল হইতে কোনো ক্ষতিপূরণ দাবি করা যাইবে না।

অর্থাৎ, এ ধারা অনুযায়ী তৃতীয় পক্ষের ঝুঁকি বীমা বাধ্যতামূলক নয় এবং এ আইনের অধীনে ইহা লংঘন করা হলে কোনো দন্ডের বিধান নেই।

২। এমতাবস্থায়, তৃতীয় পক্ষের ঝুঁকি বীমা না থাকলে সংশ্লিষ্ট মোটরযান বা মোটরযানের মালিকের বিরুদ্ধে সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী কোনো মামলা দেয়ার সুযোগ নেই।

৩। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

৩০.০৯.২০২০

**(নুর মোহাম্মদ মজুমদার)**
চেয়ারম্যান
ফোনঃ ৫৫০৪০৭১১

পুলিশ মহাপরিদর্শক,
বাংলাদেশ পুলিশ,
বাংলাদেশ সদর দপ্তর,
৬, ফনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০।

**অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১) পুলিশ কমিশনার................................(সকল)।
২) অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪ শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০।
৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ১১৭,কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
৬) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
৭) চেয়ারম্যান, বাংলাদেশ বাস ট্রাক ওনার্স এসোসিয়েশন, হাজী আহসান উল্লাহ কমপ্লেক্স, ২৫৭/ক, বাগবাড়ি, দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা-১২১৬।

G:\Road Safety\Letter abt insurance.docx